# বার্ষিক মূল্যায়ন ২০২৪
## বিষয়: ডিজিটাল প্রযুক্তি
## শ্রেণি: সপ্তম

**(ক) প্রশ্নপত্র প্রণয়ন সংক্রান্ত বিষয়ভিত্তিক নির্দেশনাসমূহ:**

১. এনসিটিবি কর্তৃক নির্ধারিত **পাঠ্যক্রম/সিলেবাসের মধ্য থেকে বার্ষিক পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন করতে হবে।**
২. ঘ-বিভাগে (প্রেক্ষাপট/দৃশ্যপট নির্ভর রচনামূলক প্রশ্ন) নমুনা হিসেবে প্রদত্ত প্রশ্ন হুবহু বার্ষিক পরীক্ষায় ব্যবহার করা যাবে না। তবে একই বিষয়বস্তু (Content) নিয়ে নতুন প্রেক্ষাপট/দৃশ্যপট তৈরি করে প্রশ্ন প্রণয়ন করা যেতে পারে।
৩. প্রতিটি প্রশ্ন (বিশেষ করে গ-বিভাগ ও ঘ-বিভাগ) প্রণয়নের ক্ষেত্রে প্রশ্নের নম্বর বিভাজন বিবেচনা করতে হবে। নিজে নিশ্চিত হতে হবে প্রশ্নের নম্বর বিভাজন অনুসারে শিক্ষার্থীর প্রশ্নের উত্তর দেওয়ার সুযোগ আছে কি না।
৪. কোনো প্রশ্নের উপস্থাপনা (প্রশ্ন অথবা দৃশ্যপট) এমন হবে না যার মাধ্যমে সমাজে নেতিবাচক প্রতিক্রিয়া সৃষ্টি হতে পারে।

**(খ) সপ্তম শ্রেণির বার্ষিক পরীক্ষার জন্য পাঠ্যক্রম/সিলেবাস**

| ক্রমিক নম্বর | অধ্যায়/অভিজ্ঞতার নাম | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ | শিখন অভিজ্ঞতা-২: বুদ্ধিবৃত্তিক সম্পদের ব্যবহার | ২০ থেকে ৩৭ |
| ২ | শিখন অভিজ্ঞতা-৫: আমি যদি হই রোবট | ৬১ থেকে ৮৪ |
| ৩ | শিখন অভিজ্ঞতা-৭: গ্রাহক সেবায় ডিজিটাল প্রযুক্তির ব্যবহার | ৯৭ থেকে ১১২ |
| ৪ | শিখন অভিজ্ঞতা-৮: যোগাযোগে নিয়ম মানি | ১১৩ থেকে ১২৮ |

**(গ) মূল্যায়ন কাঠামো**

| শিখনকালীন মূল্যায়ন | সামষ্টিক মূল্যায়ন |
|---|---|
| ৩০% | ৭০% |

**(ঘ) শিখনকালীন মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন**

| **কাজের ধরন (Types of Activities)** | **নির্ধারিত নম্বর** |
|---|---|
| **অ্যাসাইনমেন্ট/ব্যবহারিক কাজ (Assignment/Practical work):** (নমুনা- শিখন অভিজ্ঞতা-৭, সেশন-৪, পৃষ্ঠা-১০৭: ডিজিটাল মাধ্যম ব্যবহার করে ই-কমার্সের সেবাপ্রাপ্তির ধাপ ও বিবেচ্য বিষয়গুলো উল্লেখ করো) | ১০ |
| **অনুসন্ধানমূলক কাজ/প্রকল্প /প্রতিবেদন উপস্থাপন (Investigative work, Project proposal, Report presentation):** (নমুনা - শিখন অভিজ্ঞতা-২, সেশন-৫, পৃষ্ঠা-৩৫: একটি বুদ্ধিবৃত্তিক সম্পদকে যথাযথ বাণিজ্যিক ব্যবহারের উপযোগী বানাতে একটি প্রতিবেদন প্রস্তুত করো) | ১০ |
| **শ্রেণির কাজ (পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ, ফ্লোচার্ট অংকন):** (নমুনা - শিখন অভিজ্ঞতা-৮, সেশন-১, পৃষ্ঠা-১১৫: আগামী সেশনের প্রস্তুতির ছকটি পূরণ করো) | ১০ |
| মোট | ৩০ |
| **বি:দ্র: কাজের নমুনা হিসেবে প্রদত্ত উদাহরণসমূহের বাইরে অন্যভাবে কাজ দেওয়া যেতে পারে। এগুলো নমুনা মাত্র। ভিন্ন ভিন্ন প্রেক্ষাপটে শিক্ষার্থীদের ভিন্ন ভিন্ন কাজ প্রদান করা যেতে পারে।** | |

**(ঙ) সামষ্টিক মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন (অভীক্ষার ধরন: লিখিত)**

| **ক্রম** | **আইটেমের নাম** | | **প্রশ্নপত্রে মোট প্রশ্নের সংখ্যা** | **উত্তর দিতে হবে** | **মোট নম্বর** | **সময়** |
|---|---|---|---|---|---|---|
| ১ | নৈর্ব্যক্তিক প্রশ্ন | বহুনির্বাচনি প্রশ্ন | ১৫ | ১৫ | ১×১৫=১৫ | ৩ ঘন্টা |
| | | এক কথায় উত্তর | ১০ | ১০ | ১×১০=১০ | |
| ২ | সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন | | ১০ | ১০ | ২×১০=২০ | |
| ৩ | রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন) | | ৫ | ৩ | ৫×৩=১৫ | |
| ৪ | রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর) প্রতিটি দৃশ্যপটের বিপরীতে দুটি অংশ থাকবে | | ৭ | ৫ | ৮×৫=৪০ | |
| | মোট | | | | ১০০ | |

**(চ) সামষ্টিক মূল্যায়ন কাঠামো মোতাবেক নমুনা প্রশ্ন:**

| এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবহু ব্যবহার করা যাবে না |
|---|

২০২৪ শিক্ষাবর্ষের বার্ষিক পরীক্ষার নমুনা প্রশ্ন
বিষয়: ডিজিটাল প্রযুক্তি
শ্রেণি: সপ্তম

সময়: ৩ ঘন্টা | পূর্ণমান: ১০০

**ক-বিভাগ**

**নৈর্ব্যক্তিক অংশ (বহুনির্বাচনি প্রশ্ন ও এককথায় উত্তর)**

[দ্রষ্টব্য: সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরটি খাতায় লিখ (প্রশ্ন নং ১-১৫), প্রতিটি প্রশ্নের মান ১] **১×১৫ =১৫**

১। মেধা, মনন, বুদ্ধি ও সৃজনশীলতা ব্যবহার করে কোনো কিছু তৈরি করাকে কী ধরনের সম্পদ বলে?
(ক) অর্থনৈতিক সম্পদ (খ) খনিজ সম্পদ
(গ) বুদ্ধিবৃত্তিক সম্পদ (ঘ) প্রাকৃতিক সম্পদ

২| একটি বুদ্ধিবৃত্তিক সম্পদকে অন্য একটি বুদ্ধিবৃত্তিক সম্পদ থেকে কীভাবে পৃথক করা যায়?
(ক) স্বতন্ত্র লোগো (খ) একই রং
(গ) একই নাম (ঘ) একই ধরনের মোড়ক

৩। নাগরিক সেবায় ডিজিটাল মাধ্যম ব্যবহারের উদ্দেশ্য কোনটি?
(ক) বিনামূল্যে সেবা প্রদান (খ) সেবা প্রাপ্তি সহজ করা
(গ) সরকারের আয় বৃদ্ধি করা (ঘ) ই-কমার্সের প্রসার ঘটানো

৪. ই-কমার্সের জন্য কোনটি অবশ্যই প্রয়োজন?
(ক) ক্রেতা ও বিক্রেতার ব্যাংক এ্যাকাউন্ট
(খ) ক্রেতার ডিজিটাল মাধ্যম ব্যবহারের সক্ষমতা
(গ) বিক্রেতার ডিজিটাল মাধ্যম ব্যবহারের সক্ষমতা
(ঘ) ক্রেতা-বিক্রেতা উভয়ের ডিজিটাল মাধ্যম ব্যবহারের সক্ষমতা

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও**

মিসেস সেহেলী একজন চাকুরীজীবি। চলতি মাসের গ্যাস বিল প্রদানের শেষ তারিখ আজ। ব্যস্ততার কারণে তিনি গ্যাস বিল পরিশোধ করতে ভুলে গেছেন। আজ অফিসে বিষয়টি মনে হওয়ায় তিনি ইন্টারনেট ব্যবহার করে তাঁর মোবাইলের একটি অ্যাপের মাধ্যমে গ্যাস বিল পরিশোধ করলেন।

৫. মিসেস সেহেলী কোন মাধ্যম ব্যবহার করে গ্যাস বিল পরিশোধ করলেন?
ক) নন-ডিজিটাল মাধ্যম খ) সামাজিক যোগাযোগ মাধ্যম
গ) ডিজিটাল মাধ্যম ঘ) সিটিজেন চার্টার

৬. মিসেস সেহেলীর ব্যবহৃত মাধ্যমটি ব্যক্তির জীবনে কী ধরনের প্রভাব ফেলে?
ক) যোগাযোগ বৃদ্ধি করে খ) সময় ও অর্থ সাশ্রয় করে
গ) যোগাযোগ প্রযুক্তি জ্ঞান বৃদ্ধি করে ঘ) পর নির্ভরশীল করে

৭. ই-মেইল লিখে না পাঠিয়ে জমা রাখা যায় কোন অপশনে?
(ক) Draft (খ) Spam
(গ) Junk (ঘ) Compose

৮. ইমেইলের সাথে ছবি পাঠাতে চাইলে কোন অপশনে ক্লিক করতে হবে?
(ক) Insert (খ) Subject
(গ) Body (ঘ) CC

৯। কোনটি প্রোগ্রামিং ভাষা নয়?
ক) পাইথন খ) পার্ল
গ) স্ক্র্যাচ ঘ) পিএইচপি

১০। নিচের কোনটি ই- কমার্স সেবার বৈশিষ্ট্য নয়?
(ক) ডিজিটাল মাধ্যম ব্যবহার করা (খ) দ্রুত সেবা পাওয়া
(গ) অর্থ সাশ্রয়ী প্রক্রিয়া (ঘ) ব্যয়বহুল প্রক্রিয়া

১১. বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট থেকে অগ্রিম ছুটি নিতে কী করব?
ক) ফোন করব খ) আবেদনপত্র লিখব
গ) এসএমএস করব ঘ) চিঠি লিখব

১২. কোনটি আনুষ্ঠানিক যোগাযোগের উদাহরণ?
ক) ছুটি চেয়ে প্রধান শিক্ষকের নিকট আবেদন
খ) বন্ধুর সঙ্গে যোগাযোগ
গ) ভাইয়ের সঙ্গে যোগাযোগ
ঘ) কাছের আত্মীয়ের সঙ্গে যোগাযোগ

১৩. ই-মেইল পাঠাতে ‘To’ ঘরে কী লিখতে হয়?
ক) প্রাপকের ঠিকানা খ) প্রেরকের ঠিকানা
গ) মেইলের বিষয় ঘ) ডকুমেন্ট সংযোজন

১৪. নিচের কোনটি দ্বারা প্রসেস বুঝায়?
ক) ◊ খ) □
গ) ¬ ঘ) ➡

১৫. যে চিত্রের মাধ্যমে কোনো সিস্টেম বা যন্ত্র কীভাবে কাজ করবে তার গতিধারা নির্দেশ করা হয় তাকে কী বলে?
ক) অ্যালগরিদম খ) ফ্লোচার্ট
গ) ইন্টারপ্রেটর ঘ) কম্পাইলার

**এক কথায় উত্তর দাও** [(প্রশ্ন নং ১৬-২৫) প্রতিটি প্রশ্নের মান ১] **১×১০ =১০**

**[সরবরাহকৃত উত্তরপত্রে প্রশ্নের উত্তর লেখ]**

১৬। একটি বুদ্ধিবৃত্তিক সম্পদের ট্রেডমার্ক নিবন্ধনের জন্য কতটি ধাপ অনুসরণ করতে হয়?

১৭। বুদ্ধিবৃত্তিক সম্পদের মালিককে কী বলে?

১৮। ব্যক্তির সঙ্গে সম্পর্ক এবং পরিস্থিতি অনুযায়ী যোগাযোগ কয় ধরনের হয়ে থাকে?

১৯। ই-মেইল সেবাদানকারি একটি প্রতিষ্ঠানের নাম লিখ।

২০। ই-মেইলের ক্ষেত্রে CC এর পূর্ণরূপ লেখ।

২১। সিটিজেন চার্টারে মূলত কী থাকে?

২২। আমরা আমাদের চিন্তা-চেতনা, ধারণা, অনুভূতি অন্যদের সঙ্গে আদান-প্রদান করতে পারি কিসের মাধ্যমে ?

২৩। বাইনারি ডিজিট কয়টি?

২৪। "QR code এর ক্ষেত্রে" QR এর পূর্ণরূপ লিখ?

২৫। ই-মেইল প্রাপকের ঠিকানা কোথায় লিখতে হয়?

## খ-বিভাগ (সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন)

**(সকল প্রশ্নের উত্তর দাও)** **২×১০=২০**

১। লক্ষ্য দল কী?

২। সুডো কোড কী?

৩। বাইনারি সংখ্যা কী? বাইনারি ডিজিট কয়টি ও কি কি?

৪। দুইটি নাগরিক সেবা ও দুইটি ই-কমার্স সেবার নাম লিখ।

৫। পেটেন্ট কী?

৬। 'ময়মনসিংহ গীতিকা' কোন ধরনের সম্পদ? এজাতীয় আরেকটি সম্পদের নাম লিখ।

৭। ডিজিটাল মাধ্যম ব্যবহারের দুটি সুবিধা লিখ।

৮। সিটিজেন চার্টার কী?

৯। ই-কমার্সে পণ্য ক্রয়ের ক্ষেত্রে দুইটি সুবিধা লিখ।

১০। যোগাযোগের মাধ্যমগুলোর নাম লিখ।

## গ-বিভাগ

### রচনামূলক প্রশ্ন (প্রেক্ষাপটবিহীন)

**(৫টি থেকে যেকোন ৩টি প্রশ্নের উত্তর দিতে হবে, নিম্নে ৩টি নমুনা প্রশ্ন দেওয়া হলো)**

**৫×৩ =১৫**

১। বুদ্ধিবৃত্তিক সম্পদের বাণিজ্যিক ব্যবহারের উপযোগী করার ধাপগুলো আলোচনা করো।

২। প্রবাহ চিত্র বলতে কী বুঝ? প্রবাহ চিত্রে ব্যবহৃত যে কোন ৪টি প্রতীকের অর্থ লিখ।

৩। ই-কমার্সের মাধ্যমে সেবাপ্রাপ্তির ধাপ ও বিবেচ্য বিষয়াবলি সংক্ষেপে লিখ।

**ঘ-বিভাগ: (প্রেক্ষাপটনির্ভর রচনামূলক প্রশ্ন)**

**(৭টি থেকে যেকোন ৫টি প্রশ্নের উত্তর দিতে হবে, নিম্নে ৫টি নমুনা প্রশ্ন দেওয়া হলো)** **৮×৫ =৪০**

(প্রদত্ত পেক্ষাপট/দৃশ্যপটসমূহ মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও।)

১. সুজন একজন ডেইরি পণ্যের উৎপাদনকারী। তিনি মেধা ও দীর্ঘ দিনের প্রচেষ্টায় ২০১৫ সালে নতুন ধরনের আইসক্রিম তৈরি করেন। তিনি এই আইসক্রিমের নাম দেন 'রিফ্রেশ'। এটি অল্প দিনেই অনেক জনপ্রিয় হয়ে যায় । কিছু দিন পরে অন্য একজন ব্যক্তি একই নামে ও একই ধরনের মোড়কে আইসক্রিম বাজারে বিক্রয় শুরু করে। বিষয়টি নিয়ে সুজন আইনের আশ্রয় নেন। আদালত তার কাছে আইসক্রিমের নিবন্ধন দেখতে চায়। সুজন জানান তিনি কোন নিবন্ধন করেননি। আদালত তার পক্ষে কোন সিদ্ধান্ত দেয় না। পরবর্তীতে ২০১৬ সালে সুজন তার উদ্ভাবিত আইসক্রিমের নিবন্ধন গ্রহণ করেন।

ক. 'রিফ্রেশ' কোন ধরনের সম্পদ? পাঠ্য বইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

খ. ২০১৬ সালের পর সুজন আইনগতভাবে তার পক্ষে রায় পাবে বলে তুমি মনে কর কি? বিশ্লেষণ কর। ৫

২. রিমু সাহেব একজন ব্যবসায়ী। মিরপুরে তার একটি শোরুম আছে যেখানে ছেলেদের শার্ট, জিন্সের প্যান্ট, টিশার্ট, হাল ফ্যাশনের জুতা বিক্রয় করা হয়। সম্প্রতি তিনি 'রিমু'স ফ্যাশন' নামে ফেসবুকে একটি পেজ খুলেছেন। তাঁর পেজে প্রবেশ করলে বিভিন্ন পণ্যের ছবি, পণ্যের বিবরণ, দাম দেখতে পাওয়া যায়। এখানে পণ্যের দাম অনলাইনে পরিশোধের কথা বলা আছে। দাম পরিশোধের তিন দিনের মধ্যে পণ্য গ্রাহকের ঠিকানায় পৌছানোর প্রতিশ্রুতি দেয়া রয়েছে। রাশেদ 'রিমু'স ফ্যাশন' নামক পেজে প্রবেশ করে লক্ষ্ করে, একটি কেডসের দাম লেখা রয়েছে ৩ হাজার টাকা। কেডসটি তার পছন্দ হয়। কিন্তু কেডসের গুণগতমান, যৌক্তিক দাম, কীভাবে দাম পরিশোধ করবে ইত্যাদি বিষয়ে চিন্তায় পড়ে যায়।

ক. পণ্য ক্রয় বিক্রয়ের ক্ষেত্রে অনুচ্ছেদের 'রিমু'স ফ্যাশন' কোন ধরনের প্লাটফর্ম তা পাঠ্য বইয়ের আলোকে ব্যাখ্যা করো। ৩

খ. কেডসের গুণগত মান, যৌক্তিক দাম সম্পর্কে তথ্য পাওয়ার জন্য রাশেদের করণীয় কী কী? দাম পরিশোধের ক্ষেত্রে সে কোন কোন মাধ্যম ব্যবহার করতে পারে? এ বিষয়ে কোনো সতর্কতা অবলম্বনের প্রয়োজনীয়তা আছে কি? পাঠ্য বইয়ের আলোকে তোমার মতামত দাও। ৫

৩। আজমাইন ও রাতুল দুই ভাই। একটি সমস্যা সমাধানের জন্য তারা তাদের ছোটো মামার কাছে যায়। আজমাইন বলল, "আমি আমার এক বন্ধুকে মেইল পাঠাবো এবং একই মেইল অন্য এক বন্ধুকে জানিয়ে রাখতে চাই। কিন্তু আমি বুঝতে পারছিনা কীভাবে পাঠাবো।" রাতুল বলল, "আমি একই মেইল ৬৭ জন বন্ধুকে এমনভাবে পাঠাতে চাই যেন কেউ কারো মেইল ঠিকানা দেখতে না পারে। কিন্তু আমিও পাঠানোর পদ্ধতি বুঝতে পারছি না।" তাদের ছোটো মামা দুজনকেই বিষয়টি বুঝিয়ে দিলেন।

ক. আজমাইনের সমস্যা কীভাবে সমাধান করা যায়? ব্যাখ্যা কর। ৩

খ. রাতুলের সমস্যা কীভাবে সমাধান করা যায়? আজমাইন ও রাতুলের সমস্যা একই পদ্ধতিতে সমাধান সম্ভব কি? বিশ্লেষণ কর। ৫

৪। পশ্চিম এলাহাবাদ বিদ্যালয়ে এই বছর বার্ষিক ক্রীড়ার দৌড় প্রতিযোগিতার ফলাফল নিয়ে তীব্র বিতর্ক দেখা দিয়েছিল। প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান নির্ধারণে খুবই সামান্য ব্যবধান বিচারকের চোখে সূক্ষ্মভাবে ধরা পড়েনি। সমস্যাটি নিয়ে সপ্তম শ্রেণির শিক্ষার্থীরা আলোচনা করেছে। তারা এই সমস্যাটির ডিজিটাল সমাধানের জন্য একটি এলগরিদম প্রস্তুত করেছে।

ক) উদ্দীপকের সূক্ষ্ম দূরত্ব চিহ্নিত করার সমস্যাটি ডিজিটাল মাধ্যমে সুষ্ঠুভাবে সমাধানের জন্য তোমার নিজস্ব একটি প্রক্রিয়া আলোচনা করো। ৩

খ) পশ্চিম এলাহাবাদ বিদ্যালয়ের শিক্ষার্থীদের প্রস্তুত করা অ্যালগরিদমটির প্রতিটি ধাপ উল্লেখ করে ধাপগুলোর কাজ বর্ণনা করো। ৫

৫. সজল সপ্তম শ্রেণিতে পড়ে। সম্প্রতি তাদের বিদ্যালয়ের ওয়েবসাইটে উপজেলার সকল মাধ্যমিক প্রতিষ্ঠানের শিক্ষার্থী নিয়ে বিতর্ক প্রতিযোগিতার আয়োজনের কথা বলা হয়েছে। আগ্রহী শিক্ষার্থীদের এই প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য বিদ্যালয়ের দায়িত্ব প্রাপ্ত শিক্ষকের সাথে যোগাযোগ করতে বলা হয়েছে। সজল দায়িত্ব প্রাপ্ত শিক্ষকের সাথে কথা বলে তার নাম অন্তর্ভুক্ত করে। তার বন্ধু তমাল বির্তকে অংশগ্রহণ করতে ইচ্ছুক। কিন্তু সে নাম অন্তর্ভুক্ত করে নাই। প্রতিযোগিতার দিন তমাল কারো সাথে কথা না বলে সরাসরি বিচারকগণের সামনে দিয়ে মঞ্চে চলে যায়। আয়োজকগণ তাকে জানায় প্রতিযোগী হিসেবে তোমার নাম নেই।

ক) প্রতিযোগিতায় অংশগ্রহণের ক্ষেত্রে সজল কোন ধরনের যোগাযোগ করেছে? ব্যাখ্যা করে। ৩

খ) কোন বিষয়টির অভাবে তমাল বির্তকে অংশগ্রহণ করতে পারেনি? এটির গুরুত্ব বিশ্লেষণ করো। ৫

**(ছ) নৈর্ব্যক্তিক প্রশ্ন অংশের (২৫টির) উত্তর**

| **বহুনির্বাচনি উত্তর** | | | | | | **এককথায় উত্তর** | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| **প্রশ্ন নং** | **উত্তর** | **প্রশ্ন নং** | **উত্তর** | **প্রশ্ন নং** | **উত্তর** | **প্রশ্ন নং** | **উত্তর** | **প্রশ্ন নং** | **উত্তর** |
| ১ | গ | ৬ | খ | ১১ | খ | ১৬ | ৫টি | ২১ | সেবা প্রাপ্তির তথ্য |
| ২ | ক | ৭ | ক | ১২ | ক | ১৭ | স্বত্বাধিকারী | ২২ | যোগাযোগের মাধ্যমে |
| ৩ | খ | ৮ | ক | ১৩ | ক | ১৮ | ২ ধরনের | ২৩ | ২টি |
| ৪ | ঘ | ৯ | ঘ | ১৪ | খ | ১৯ | Gmail | ২৪ | Quick Response |
| ৫ | গ | ১০ | ঘ | ১৫ | খ | ২০ | Carbon Copy | ২৫ | ই-মেইলের “to” অংশে |

**(জ) রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর) প্রশ্নের রুব্রিক্স:**

**দৃশ্যপট/পেক্ষাপটনির্ভর (রচনামূলক প্রশ্ন)**

১. সুজন একজন ডেইরি পণ্যের উৎপাদনকারী। তিনি মেধা ও দীর্ঘ দিনের প্রচেষ্টায় ২০১৫ সালে নতুন ধরনের আইসক্রিম তৈরি করেন। তিনি এই আইসক্রিমের নাম দেন ‘রিফ্রেশ’। এটি অল্প দিনেই অনেক জনপ্রিয় হয়ে উঠে । কিছু দিন পরে অন্য একজন ব্যক্তি একই নামে ও একই ধরনের মোড়কে আইসক্রিম বাজারে বিক্রয় শুরু করে। বিষয়টি নিয়ে সুজন আইনের আশ্রয় নেন। আদালত তার কাছে আইসক্রিমের নিবন্ধন দেখতে চায়। সুজন জানান তিনি কোন নিবন্ধন করেননি। আদালত তার পক্ষে কোন সিদ্ধান্ত দেয় না। পরবর্তীতে ২০১৬ সালে সুজন তার উদ্ভাবিত আইসক্রিমের নিবন্ধন গ্রহণ করেন।

ক. ‘রিফ্রেশ’ কোন ধরনের সম্পদ? পাঠ্য বইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

খ. ২০১৬ সালের পর সুজন আইনগতভাবে তার পক্ষে রায় পাবে বলে তুমি মনে কর কি? বিশ্লেষণ কর। ৫

**রুব্রিক্স [প্রশ্ন নং ১ (ক)]**

| **প্রশ্ন নং** | **নম্বর** | **নম্বর প্রদান নির্দেশিকা** |
|---|---|---|
| ১ (ক) | ৩ | ‘একটি বুদ্ধিবৃত্তিক সম্পদ’ শুধূ এটি লিখে ২ লাইন বা তার বেশি ব্যাখ্যা/কারণ দিতে পারলে। |
| | ২ | ‘একটি বুদ্ধিবৃত্তিক সম্পদ’ শুধূ এটি লিখে ১ লাইন ব্যাখ্যা বা কারণ দিতে পারলে। |
| | ১ | ‘একটি বুদ্ধিবৃত্তিক সম্পদ’ শুধূ এটি লিখতে পারলে। |
| | ০ | অপ্রাসঙ্গিক উত্তর লিখলে |

**রুব্রিক্স [প্রশ্ন নং ১ (খ)]**

| প্রশ্ন নং | নম্বর | নম্বর প্রদান নির্দেশিকা |
|---|---|---|
| ১ (খ) | ৫ | ট্রেডমার্ক নিবন্ধনের বিষয়টি লিখতে পারলে এবং স্বত্বাধিকারী হিসেবে সুজনের অধিকার ও চুক্তিপত্রের বিষয়টি ব্যাখ্যা করে পারলে। |
| | ৪ | ট্রেডমার্ক নিবন্ধনের বিষয়টি লিখে স্বত্বাধিকারী হিসেবে সুজনের অধিকার ব্যাখ্যা করে পারলে। |
| | ৩ | সুজন তার পক্ষে রায় পাবে সাথে ট্রেডমার্ক নিবন্ধনের বিষয়টি ব্যাখ্যা করতে পারলে। |
| | ২ | সুজন তার পক্ষে রায় পাবে সাথে ট্রেডমার্ক নিবন্ধনের বিষয়টি একলাইন লিখতে পারলে। |
| | ১ | সুজন তার পক্ষে রায় পাবে। শুধূ এটি লিখতে পারলে |
| | ০ | অপ্রাসঙ্গিক উত্তর লিখলে |